# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৬৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৬৭]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৩২: (সালাতে) হাতের তালুদ্বয় রাখার স্থান

## باب موضع الكفين

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ مَنْصُورٍ، قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ، قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ مُسْلِمِ بْنِ أَبِي مَرْيَمَ شَيْخٌ مِنْ أَهْلِ الْمَدِينَةِ، ثُمَّ لَقِيتُ الشَّيْخَ، فَقَالَ: سَمِعْتُ عَلِيَّ بْنَ عَبْدِ الرَّحْمَنِ، يَقُولُ: صَلَّيْتُ إِلَى جَنْبِ ابْنِ عُمَرَ فَقَلَّبْتُ الْحَصَى، فَقَالَ لِي ابْنُ عُمَرَ: لَا تُقَلِّبِ الْحَصَى، فَإِنَّ تَقْلِيبَ الْحَصَى مِنَ الشَّيْطَانِ وَافْعَلْ كَمَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْعَلُ، قُلْتُ: وَكَيْفَ رَأَيْتَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْعَلُ ؟ قَالَ: هَكَذَا وَنَصَبَ الْيُمْنَى وَأَضْجَعَ الْيُسْرَى، وَوَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى فَخِذِهِ الْيُمْنَى، وَيَدَهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ الْيُسْرَى وَأَشَارَ بِالسَّبَّابَةِ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ١١٦١ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1267 ـ صحيح

বাংলা

১২৬৬. মুহাম্মাদ ইবনু মানসূর (রহ.) ..... ’আলী ইবনু আবদুর রহমান (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আবদুল্লাহ ইবনু উমার (রাঃ)-এর পাশে সালাত আদায় করছিলাম, তখন আমি কংকর সরালে তিনি আমাকে বললেন, তুমি (সিজদার স্থান থেকে) কংকর সরাবে না, কেননা তা শয়তানের কুমন্ত্রণা থেকেই হয়ে থাকে এবং তুমি করবে যেরূপ রাসূলুল্লাহ (সা.) -কে আমি করতে দেখেছি। [আলী (রহ.) বলেন] আমি বললাম, আপনি রাসূলুল্লাহ (সা.) -কে কেমন করতে দেখেছেন? তিনি বললেন, এমন। আর ডান পা খাড়া করলেন ও বাম পা বিছালেন এবং তার ডান হাত ডান উরু ও বাম হাত বাম উরুর উপর রাখলেন এবং তর্জনি দ্বারা ইশারা করলেন।

## English

32. Placement Of The Hands

Ali bin Abdur-Rahman said: I prayed beside Ibn Umar and I turned over the pebbles. Ibn Umar said to me: 'Do not turn over the pebbles, for turning over the pebbles comes from Shaitan. Do what I saw the Messenger of Allah (ﷺ) do.' I said: 'What did you see the Messenger of Allah (ﷺ) do?' He said; 'This'- and he held his right foot upright and lay his left foot on the ground, and placed his right hand on his right thigh and his left hand on his left thigh, and pointed with his forefinger.

### ফুটনোট

সহীহ: মুসলিম ৫৭৯, আবু দাউদ ৯৮৭। [দ্রঃ ১১৬০]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবদুর রহমান মু'আবী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87660

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন